সাধারণ বীমা কর্পোরেশন
কেন্দ্রীয় হিসাবরক্ষণ বিভাগ
৩৩ দিলকুশা বা/এ, প্রধান কার্যালয়, ঢাকা
www.sbc.gov.bd

**স্মারক নম্বর:** ৫৩.০৭.০০০০.০০০.২০৩.৪৬.০০০১.২২.১৮

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২৮ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: অর্থ অধ্যাদেশ, ২০২৫ এর মাধ্যমে আয়কর আইন, ২০২৩ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এ গুরুত্বপূর্ণ সংশোধনী আনয়ন এবং উৎসে কর বিধিমালা, ২০২৪ (সংশোধনী) জারির প্রেক্ষিতে সংশোধিত উৎসে আয়কর কর্তন তালিকা ও হালনাগাদকৃত উৎসে মূল্য সংযোজন কর কর্তন চার্ট প্রেরণ।**

অর্থ অধ্যাদেশ, ২০২৫ মূলে আয়কর আইন, ২০২৩ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এ উল্লেখযোগ্য সংশোধনী আনা হয়েছে এবং জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক উৎসে কর বিধিমালা, ২০২৪ (সংশোধনী) জারি করা হয়েছে যা ০১ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ হতে কার্যকর হয়েছে।

২। এমতাবস্থায়, আর্থিক কার্যক্রম সম্পাদনকালে অনুসরণীয় প্রযোজ্য সরকারের রাজস্ব সংক্রান্ত আইনে নব-আনীত গুরুত্বপূর্ণ সংশোধনীর বিষয়ে ত্বরিত অবগতি, পরিমার্জিত আইন, বিধি ও প্রজ্ঞাপনসমূহের যথাযথ পরিপালন ও সুষ্ঠু বাস্তবায়ন এবং সরকারের রাজস্ব আদায়ের স্বার্থে ও বাণিজ্যিক নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক এতদ্‌বিষয়ে ভবিষ্যতে অনাকাঙ্ক্ষিত নিরীক্ষা আপত্তি এড়াতে বর্ণিত আইনের সংশোধিত বিধি-বিধানসমূহ তাৎক্ষণিক কার্যকর করার লক্ষ্যে সাধারণ বীমা কর্পোরেশনের প্রধান কার্যালয়স্থ বিভিন্ন বিভাগ ও মাঠ পর্যায়ের আঞ্চলিক কার্যালয়সমূহ কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ অত্যন্ত জরুরি।

৩। এক্ষণে, উৎসে কর বিধিমালা, ২০২৪ (সংশোধনী) এবং অর্থ অধ্যাদেশ, ২০২৫ মোতাবেক চলমান ২০২৫–২৬ অর্থ বছরের জন্য বলবৎযোগ্য সংশোধিত উৎসে আয়কর কর্তন তালিকা ও হালনাগাদকৃত উৎসে মূল্য সংযোজন কর কর্তন চার্ট কর্পোরেশনের প্রধান কার্যালয়ের আওতাধীন বিভিন্ন বিভাগ ও জোনাল অফিসসমূহে প্রেরণ করা হলো যা দাপ্তরিক আর্থিক কার্যক্রম সম্পাদনকালে জাতীয় ও সাধারণ বীমা কর্পোরেশনের স্বার্থে যথাযথ পরিপালনের জন্য অনুরোধ করা যাচ্ছে।

৪। সাধারণ বীমা কর্পোরেশনের সকল জোনাল ও বিভাগীয় প্রধানগণ অধীনস্ত দপ্তর এবং তার আওতাধীন কর্মকর্তা-কর্মচারীদের'কে এ বিষয়ে অবহিতকরণপূর্বক যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণের অনুরোধ করছি।

৫। জাতীয় ও সাধারণ বীমা কর্পোরেশনের স্বার্থে যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে জারীকৃত উপর্যুক্ত নির্দেশনা ০১ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ হতে কার্যকর হয়েছে মর্মে গণ্য হবে ও এতদ্‌সংক্রান্ত বিষয়ে পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত চলমান ২০২৫–২৬ অর্থ বছরের জন্য বলবৎ থাকবে। উল্লিখিত বিষয়ে প্রয়োজনে সংস্থার কেন্দ্রীয় হিসাবরক্ষণ বিভাগের সাথে যোগাযোগ করার জন্য নির্দেশক্রমে পরামর্শ প্রদান করা হলো।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) উৎসে আয়কর কর্তন তালিকা (২০২৫-২৬ অর্থ বছর)
(২) উৎসে মূল্য সংযোজন কর কর্তন চার্ট (২০২৫-২৬ অর্থ বছর)

IT Department, Head Office
Date ২৮.০৭.২৫
Entry No. ৭৫১

২৮-০৭-২০২৫
এ.কে.মাকসুদুল আহসান ভূইয়া, এফসিএমএ
উপ-মহাব্যবস্থাপক

কার্যার্থে বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাব্যবস্থাপক, সম্পদ ব্যবস্থাপনা ও আইন বিভাগ, সাধারণ বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা।

২। মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক ও জোনাল ইনচার্জ (সকল), সাধারণ বীমা কর্পোরেশন।

৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, এসবিসি সিকিউরিটিস এন্ড ইনভেস্টমেন্ট লিঃ, সাধারণ বীমা কর্পোরেশন।

৪। উপ-মহাব্যবস্থাপক, পুনঃবীমা হিসাব বিভাগ, সাধারণ বীমা কর্পোরেশন।

৫। উপ-মহাব্যবস্থাপক, অডিট এন্ড কমপ্লায়েন্স বিভাগ, সাধারণ বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা।

৬। ম্যানেজার (বিলস এন্ড এডভান্সেস), কেন্দ্রীয় হিসাবরক্ষণ বিভাগ, সাধারণ বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা।

৭। সিনিয়র প্রোগ্রামার, আইটি বিভাগ, সাধারণ বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা- স্মারকটি সংস্থার ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।

**স্মারক নম্বর:** ৫৩.০৭.০০০০.০০০.২০৩.৪৬.০০০১.২২.১৮/১ (২)

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২৮ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পিএস টু ম্যানেজিং ডাইরেক্টর, সাধারণ বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। মহাব্যবস্থাপক, অর্থ ডিভিশন, সাধারণ বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা।।

২৮-০৭-২০২৫
এ.কে.মাকসুদুল আহসান ভূইয়া, এফসিএমএ
উপ-মহাব্যবস্থাপক

# খাতওয়ারী উৎসে আয়কর কর্তনের (টিডিএস) সংক্ষিপ্ত তালিকা

আয়কর আইন, ২০২৩ ও উৎসে কর বিধিমালা, ২০২৪ মোতাবেক নবপ্রবর্তিত ও সুবিন্যস্ত

২০২৫—২০২৬ অর্থ বছরের জন্য প্রযোজ্য।

| ক্রমিক নং | হিসাব খাতের নাম | প্রযোজ্য ধারা ও বিধি | বিবরণ | উৎসে আয়কর কর্তনের হার |
|---|---|---|---|---|
| ০১. | Income from Employment or Salaries<br>চাকুরি হতে আয় বা বেতনাদি | ধারা-৮৬ | করযোগ্য কর্মকর্তা ও কর্মচারীদের অনুকূলে মাসিক পরিশোধিত চাকুরি আয় অর্থাৎ বেতনাদি সংক্রান্ত বিল পরিশোধকালে বিবেচ্য প্রত্যেক কর্মীর প্রাক্কলিত বার্ষিক মোট আয়ের ভিত্তিতে প্রযোজ্য গড় হারে আয়কর কর্তন করতে হবে। | গড় হারে |
| ০২. | Honorarium or Remuneration of MPs<br>সংসদ সদস্যদের সম্মানী/পারিশ্রমিক | ধারা-৮৭ | প্রদেয় আনুমানিক বার্ষিক মোট সম্মানী/পারিশ্রমিকের পরিমাণের ভিত্তিতে | গড় হারে |
| ০৩. | Payment to Workers' Participation Fund (WPF), Benevolent Fund & Labour Welfare Foundation Fund<br>শ্রমিক অংশগ্রহণ তহবিল, কল্যাণ তহবিল ও শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিলে অর্থ পরিশোধ | ধারা-৮৮ | বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা-২৩৪ অনুযায়ী কোম্পানির বার্ষিক নীট মুনাফার ৫ শতাংশ (৫%) অর্থ ৮০ : ১০ : ১০ অনুপাতে যথাক্রমে অংশগ্রহণ তহবিল, কল্যাণ তহবিল এবং বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন আইন, ২০০৬ এর ধারা ১৪ এর অধীন স্থাপিত শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিলে সংরক্ষণ করতে হবে। এ তহবিলের দু-তৃতীয়াংশ সুবিধাভোগীদের মাঝে সমান হারে বিতরণ করার বিধান রয়েছে। উক্ত তহবিলসমূহ হতে সুবিধাভোগীকে মুনাফার অংশ পরিশোধ বা ক্রেডিটকালে ১০% হারে উৎসে আয়কর কর্তন করতে হবে। | ১০% |
| ০৪. | ঠিকাদার ও সরবরাহকারী (Contractors & Suppliers) কে পণ্য, মালামাল ও পূর্তকাজ বাবদ পরিশোধিত বিল **(অংশ-৭ এ বিধৃত সেবা চুক্তি ব্যতীত)**<br><br>উৎস করের হার নির্ধারিত হবে ভিত্তি অংক (Base Amount) এর ভিত্তিতে। চুক্তি মুল্য, বিল বা ইনভয়েস অংক এবং পরিশোধ-এ **তিনটির মধ্যে যেটি বেশি** তাই হবে উৎস করহার নির্ধারণের ভিত্তি অংক। { ধারা-১৪০ (৫) }<br><br>পেমেন্ট এর সময় বিলের প্রাপক ট্যাক্স রিটার্ন দাখিলের সনদ/প্রমাণপত্র বা Acknowledgement Slip এর অনুলিপি হিসাব বিভাগে জমা না দিলে কিংবা/এবং ব্যাংকিং চ্যানেলে /ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহারের মাধ্যমে বিলের প্রাপক বিলের টাকা নিতে অস্বীকৃতি জানালে উৎসে আয়করের হার নির্ধারিত হার অপেক্ষা উভয় ক্ষেত্রে পৃথকভাবে ৫০ শতাংশ করে বেশী হবে। (ধারা-১৪২) | ধারা-৮৯<br>বিধি-৩ | **চুক্তি সম্পাদন** (যেমন পূর্তকাজ, প্ল্যান্ট এন্ড ম্যাশিনারী স্থাপন, নির্মাণ, প্রকৌশল বা সমজাতীয় অন্য কোনো কাজের জন্য বা অনুরূপ প্রকৃতির বিভিন্ন কাজের জন্য) এর বিপরীতে ঠিকাদার'কে পূর্বনির্ধারিত পরিমাণ অর্থ পরিশোধ এবং চুক্তি মোতাবেক **(অংশ-৭ এর অন্য কোনো ধারায় বিধৃত সেবা চুক্তি ব্যতীত)** ঠিকাদার ও সরবরাহকারী (Contractors & Suppliers) কে পণ্য সরবরাহ, ম্যানুফ্যাকচারিং, প্রসেসিং, কনভার্সন, প্রিন্টিং, প্যাকেজিং বা বাইন্ডিং ইত্যাদি বাবদ পরিশোধিত বিলের ক্ষেত্রে ভিত্তিমূল্যের উপর উৎসে আয়কর কর্তনের হার অনধিক ১০% যা বিধি দ্বারা নিম্নরূপ নির্ধারিতঃ<br><br>(ক) যেকোনো ধরণের তামাকজাত পণ্য সরবরাহের ক্ষেত্রে যেকোনো অংকের ভিত্তিমূল্যের --- ১০%<br><br>(খ) ম্যানুফ্যাকচারিং, প্রসেসিং, কনভার্সন, পূর্তকাজ, প্ল্যান্ট এন্ড ম্যাশিনারী স্থাপন, নির্মাণ, প্রকৌশল বা সমজাতীয় অন্য কোনো কাজের জন্য সম্পাদিত **চুক্তির বিপরীতে** ঠিকাদার'কে পূর্বনির্ধারিত অর্থ পরিশোধে বিলের যেকোনো অংকের ভিত্তিমূল্যের ------------ ৫%<br><br>(গ) দফা (ক) ও দফা (খ) এর ক্ষেত্র ব্যতীত নিম্নোক্ত বিশেষায়িত শ্রেণীর **যেকোনো অংকের বিলের ক্ষেত্রে ভিত্তিমূল্যের উপর উৎসে আয়কর কর্তনের হারঃ**<br><br>MS Billets উৎপাদনকারী প্রতিষ্ঠানের এবং স্থানীয়ভাবে ক্রয়কৃত MS Scrap ক্ষেত্রে ----০.৫%<br>অয়েল মার্কেটিং কোম্পানির (পেট্রোলিয়াম ও লুব্রিকেন্ট) তেল সরবরাহের ক্ষেত্রে ----------- ০.৬%<br>অয়েল মার্কেটিং কোম্পানির ডিলার বা এজেন্ট (**পেট্রোল পাম্প বা সিএনজি স্টেশন ব্যতীত**) হতে তেল সরবরাহের ক্ষেত্রে ---------------------------------- ১%<br>ধান, গম, আলু, পেঁয়াজ, রসুন, ভোজ্যতেল, সরিষা, দারুচিনি ইত্যাদি সুনির্দিষ্ট খাদ্য ও মশলা জাতীয় পণ্য এবং পাট সরবরাহকারীর ক্ষেত্রে ----------- ০.৫%<br>তুলা ও সুতা সরবরাহকারী'র ক্ষেত্রে ----------- ১%<br>সকল প্রকার ফল সরবরাহকারী'র ক্ষেত্রে ----------- ২%<br>শতভাগ রপ্তানিমুখী গার্মেন্টস শিল্প কর্তৃক প্রদত্ত সাব-কন্ট্রাক্ট এর ক্ষেত্রে --------- ১%<br>(**MS Billets ব্যতীত**) সিমেন্ট, লোহা ও লৌহজাত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে----- ২%<br>অয়েল রিফাইনার কোম্পানি হতে তেল সরবরাহের ক্ষেত্রে ------------------------ ১.৫%<br>গ্যাস ট্রান্সমিশন কোম্পানি হতে গ্যাস সরবরাহের ক্ষেত্রে ------------------------ ৩%<br>গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি (**সিএনজি স্টেশন ব্যতীত**) হতে গ্যাস সরবরাহের ক্ষেত্রে -------০.৬%<br>স্থানীয়ভাবে নিজস্ব Vertical Continuous Vulcanization Line ধারী কোম্পানী কর্তৃক তৈরিকৃত ৩৩ কেভি হতে ৫০০ কেভি Extra High Voltage Power Cable সরবরাহের ক্ষেত্রে -------- ৩%<br>সরকার ও সকল সরকারি সংস্থা ব্যতীত অন্য কোনো ব্যক্তিকে বই সরবরাহের ক্ষেত্রে --------- ৩%<br>রিসাইকেল্ড সিসা ও শিল্পোৎপাদনে ব্যবহৃত কাঁচামাল সরবরাহের ক্ষেত্রে ---------------------- ৩%<br>রিসাইক্লিং শিল্পে ব্যবহৃত কাঁচামাল সরবরাহের ক্ষেত্রে ---------------------- ১.৫%<br><br>উপর্যুক্ত ক্ষেত্র ব্যতীত অর্থাৎ উপরে বর্ণিত হয়নি এমন সকল পণ্য সরবরাহের ক্ষেত্রে এবং ধারা-৮৯ এ উল্লিখিত অন্যান্য সকল ক্ষেত্রে পরিশোধ্য বিলের যেকোনো অংকের ভিত্তিমূল্যের ------------- ৫% | |
| ০৫. | Payment for Services<br>সেবার ক্ষেত্রে অর্থ পরিশোধ | ধারা-৯০<br>বিধি-৪ | কোনো সেবার বিপরীতে নিবাসী কোনো **নির্দিষ্ট ব্যক্তি** {ধারা-১৪০(৩)} 'কে অর্থ পরিশোধকালে উৎসে আয়কর কর্তনের হার হবে অনধিক ২০% যা বিধি দ্বারা নিম্নরূপ নির্ধারিতঃ | |
| ০৫.০১ | Advisory or Consultancy Service<br>পরামর্শক সেবা বা উপদেষ্টা সেবা | ধারা-৯০<br>বিধি-৪ | বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত পেশাগত পরামর্শক সেবা বা উপদেষ্টা সেবা গ্রহণের বিপরীতে পরিশোধ্য যেকোনো অংকের বিলের ক্ষেত্রে কর | স্বভাবিক ব্যক্তির ক্ষেত্রে — ১৫%<br>প্রতিষ্ঠান/সংস্থার ক্ষেত্রে — ৭.৫% |

## খাতওয়ারী উৎসে আয়কর কর্তনের (টিডিএস) সংক্ষিপ্ত তালিকা

আয়কর আইন, ২০২৩ ও উৎসে কর বিধিমালা, ২০২৪ মোতাবেক নবপ্রবর্তিত ও সুবিন্যস্ত | ২০২৫—২০২৬ অর্থ বছরের জন্য প্রযোজ্য।

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫.০২ | Professional Service পেশাদার সেবা (For example, Services rendered by Doctors, Engineers, Lawyers, Chartered Accountants, Management Acccountants, Professional Bodies and the like) | ধারা-৯০ বিধি-৪ | বিভিন্ন পেশাজীবী ব্যক্তি ও প্রতিষ্ঠান (যেমন ডাক্তার, ইঞ্জিনিয়ার, আইনজীবী, চার্টার্ড একাউন্টেন্ট ইত্যাদি) কর্তৃক প্রদত্ত পেশাগত ও বুদ্ধিবৃত্তিক সেবা গ্রহণের বিপরীতে পরিশোধ্য যেকোনো অংকের বিলের ক্ষেত্রে | স্বাভাবিক ব্যক্তির ক্ষেত্রে—১৫%<br>প্রতিষ্ঠান/সংস্থার ক্ষেত্রে— ৭.৫% |
| ০৫.০৩ | Technical Service Fee or Technical know-how or Technical Assistance Fee etc. (For example, Services rendered by Technical Institutes & Firms) প্রযুক্তিগত সেবা / কারিগরি সহায়তা/ ফি | ধারা-৯০ বিধি-৪ | বিভিন্ন টেকনিক্যাল পার্সন ও কারিগরি সংস্থা কর্তৃক প্রদত্ত প্রযুক্তিগত ও কারিগরি সেবা গ্রহণের বিপরীতে পরিশোধ্য যেকোনো অংকের বিলের ক্ষেত্রে | ১০% |
| ০৫.০৪ | Catering Service, Cleaning Sevice, Collection & Recovery Service, Private Security Service, Manpower Supply Service, Creative Media Service, Public Relations Service, Event Management Service, Training, Workshop etc. based Organization & Management Service, Courier Service, Packing & Shifting Service and Any other Similar Nature Service | ধারা-৯০ বিধি-৪ | খাদ্যাদি পরিবেশন সেবা, পরিষ্করণ ও পরিচ্ছন্নতা সেবা, অর্থ-সম্পদ আদায় ও সংগ্রহ সেবা, বেসরকারী নিরাপত্তা সেবা, জনশক্তি সরবরাহ সেবা, সৃজনশীল মাধ্যম সেবা, জনসংযোগ সেবা, অনুষ্ঠান ব্যবস্থাপনা সেবা, প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজন ভিত্তিক সংগঠন ও ব্যবস্থাপনা সেবা, চিঠিপত্রাদি ও মালামাল প্রেরণ সেবা/কুরিয়ার সেবা, মালামাল মোড়কীকরণ ও স্থানান্তর পরিষেবা এবং এ জাতীয় অন্য সকল সেবা গ্রহণের বিপরীতে পরিশোধ্য যেকোনো অংকের বিলের ক্ষেত্রে উৎসে আয়কর কর্তন<br>(i) **কমিশন বা ফি** প্রদানের ক্ষেত্রে কমিশন বা ফি এর উপর উৎসে আয়কর<br>(ii) **গ্রস বিল** প্রদানের ক্ষেত্রে গ্রস বিলের উপর উৎসে আয়কর | ১০%<br>২% |
| ০৫.০৫ | Print & Electronic Media Buying Agency Service (প্রচার মাধ্যম সংস্থার প্রতিনিধিত্ব সেবা) | ধারা-৯০ বিধি-৪ | কোন প্রতিষ্ঠান ও তার পণ্য বা সেবা চূড়ান্ত ক্রেতা ও জনসাধারণের নিকট প্রচার ও প্রসার ঘটানোর নিমিত্তে বিভিন্ন অনলাইন ও অফলাইন প্রিন্ট এন্ড ইলেক্ট্রনিক প্রচার মাধ্যম সংস্থার সেবা গ্রহণের বিপরীতে পরিশোধ্য বিলের ক্ষেত্রে উৎসে আয়কর কর্তন<br>(i) **কমিশন বা ফি** প্রদানের ক্ষেত্রে কমিশন বা ফি এর উপর উৎসে আয়কর<br>(ii) **গ্রস বিল** প্রদানের ক্ষেত্রে গ্রস বিলের উপর উৎসে আয়কর | ১০%<br>০.৬৫% |
| ০৫.০৬ | Indenting Commission ইন্ডেন্টিং কমিশন | ধারা-৯০ বিধি-৪ | নির্ধারিত কমিশনের বিনিময়ে কোন ব্যবসায় প্রতিষ্ঠানের পণ্য বা সেবা টার্গেটকৃত ক্রেতার নিকট বিক্রয়ের দায়িত্বগ্রহণকারী ব্যক্তি বা সংস্থা'কে পরিশোধ্য ক্রয়াদেশ প্রতিনিধিত্ব কমিশন বা ইন্ডেন্টিং কমিশন হতে উৎসে আয়কর কর্তন | ৭.৫% |
| ০৫.০৭ | Meeting Fee, Training Fee or Honorarium & Remuneration (সভা ফি, প্রশিক্ষণ ফিস এবং সম্মানী ও পারিশ্রমিক) | ধারা-৯০ বিধি-৪ | সভা/সেমিনার/প্রশিক্ষণ/ওয়ার্কশপে সভাকরণ ফিস, প্রশিক্ষণ ফিস বা সম্মানী কিংবা পারিশ্রমিক বাবদ কোন রিসোর্স পার্সন বা পেশাগত প্রতিষ্ঠানের অনুকূলে পরিশোধ্য বিলের উপর উৎসে আয়কর কর্তন | ১০% |
| ০৫.০৮ | Service Charge/Fee of Mobile Network Operator, Technical Support Service Provider, or Service Delivery Agents Engaged in Mobile Banking Operations | ধারা-৯০ বিধি-৪ | মোবাইল ব্যাংকিং কার্যক্রমে ব্যবহৃত মোবাইল নেটওয়ার্ক অপারেটর, কারিগরি সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠান এবং সার্ভিস ডেলিভারি এজেন্ট'কে প্রদেয় ফিস বাবদ পরিশোধ্য বিলের উপর উৎসে আয়কর কর্তন | ১২% |
| ০৫.০৯ | Credit Rating Agency Service ক্রেডিট রেটিং সেবা | ধারা-৯০ বিধি-৪ | কোন প্রতিষ্ঠানের আর্থিক দায়-দেনা পরিশোধ সংক্রান্ত ও ব্যবসায়িক সম্ভাবনা সূচক নির্ধারণ/নিরূপণকারী বাংলাদেশ ব্যাংক কর্তৃক নিবন্ধিত কোন ক্রেডিট রেটিং কোম্পানি'কে প্রদেয় ফিস বাবদ পরিশোধ্য বিলের উপর উৎসে আয়কর কর্তন | ১০% |
| ০৫.১০ | Motor Garage or Workshop Private Container Port or Dockyard Service Shipping Agency Commission | ধারা-৯০ বিধি-৪ | যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণ সেবা প্রদানকারী প্রতিষ্ঠান, বেসরকারি কন্টেইনার পোর্ট বা জাহাজ মেরামত কারখানা/ পোতাঙ্গন সেবাদানকারী প্রতিষ্ঠান এবং জাহাজী সংস্থার প্রতিনিধি'কে নৌ সেবার বিপরীতে প্রদত্ত কমিশন পরিশোধ্য বিলের উপর উৎসে আয়কর কর্তন | ৮% |

## খাতওয়ারী উৎসে আয়কর কর্তনের (টিডিএস) সংক্ষিপ্ত তালিকা

আয়কর আইন, ২০২৩ ও উৎসে কর বিধিমালা, ২০২৪ মোতাবেক নবপ্রবর্তিত ও সুবিন্যস্ত

২০২৫—২০২৬ অর্থ বছরের জন্য প্রযোজ্য।

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫.১১ | Stevedoring or Berth Operator/ Terminal Operator/ Ship Handling Operator | ধারা-৯০ বিধি-৪ | নৌ বা সমুদ্র বন্দরে জাহাজে মাল বোঝাই ও জাহাজ থেকে মাল খালাস করার কাজে নিযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের সেবা গ্রহণের বিপরীতে পরিশোধ্য বিলের ক্ষেত্রে উৎসে আয়কর কর্তন<br>(i) **কমিশন বা ফি** প্রদানের ক্ষেত্রে কমিশন বা ফি এর উপর উৎসে আয়কর<br>(ii) **গ্রস বিল** প্রদানের ক্ষেত্রে গ্রস বিলের উপর উৎসে আয়কর | ১০%<br>৫% |
| ০৫.১২ | Transport Service, Car Rental Service, Carrying Service, Accommodation/ Working Space Rental Service, Any Type Sharing Economy Platform and Repair & Maintenance Service | ধারা-৯০ বিধি-৪ | (i) Transport Service, Carrying Service, Vehicle Rental Service, Repair & Maintenance Service<br>(ii) Any other Service under any Sharing Economy Platform including Ride Sharing Service, Co-working Space providing Service & Accommodation providing Service<br>যাত্রী ও মালামাল পরিবহণ সেবা, গাড়ি ভাড়া সেবা, মেরামত ও রক্ষণাবেক্ষণ সেবা, রাইড-শেয়ারিং সেবা, স্থান ভাড়া প্রদানকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের সেবা গ্রহণের বিপরীতে পরিশোধ্য বিলের ক্ষেত্রে উৎসে আয়কর কর্তন | ৫% |
| ০৫.১৩ | Wheeling Charge for Electricity Transmission<br>বিদ্যুৎ সঞ্চালনের জন্য হুইলিং চার্জ | ধারা-৯০ বিধি-৪ | পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ (পিজিসিবি) তার সঞ্চালিত ট্রান্সমিশনকৃত ভোল্টেজের উপর ভোল্ট প্রতি একটি নির্দিষ্ট **চার্জ** আদায় করে, যাকে বলা **হুইলিং চার্জ**। বিভিন্ন ট্রান্সমিশন ভোল্টের জন্য এই রেইট ভিন্ন হয়ে থাকে। | ৩% |
| ০৫.১৪ | Internet Service<br>ইন্টারনেট সেবা | ধারা-৯০ বিধি-৪ | বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) কর্তৃক অনুমোদিত ইন্টারনেট সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের ইন্টারনেট সেবা গ্রহণের বিপরীতে পরিশোধ্য বিলের ক্ষেত্রে উৎসে আয়কর কর্তন | ৫% |
| ০৫.১৫ | Service Delivery Agents engaged in mobile financial services or Channel Partners of Mobile Financial Services | ধারা-৯০ বিধি-৪ | ভ্রাম্যমাণ আর্থিক সেবা প্রদানকারী প্রতিনিধি বা মোবাইল ফোনে আর্থিক সেবাদাতা (এমএফএস) প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট চ্যানেল পার্টনার হতে আর্থিক সেবা গ্রহণের বিপরীতে পরিশোধ্য বিলের ক্ষেত্রে উৎসে আয়কর কর্তন | ১০% |
| ০৫.১৬ | Freight Forward Agency Commission/Bill<br>মালামাল প্রেরক সংস্থার কমিশন/বিল | ধারা-৯০ বিধি-৪ | উৎপাদনকারী বা রপ্তানিকারকের নিকট হতে অধিযাচনকৃত মালামাল নিজস্ব ব্যবস্থাপনায় আমদানিকারক ব্যক্তি বা প্রতিষ্ঠানের কাছে নির্ধারিত কমিশনের বিনিময়ে পৌছে দেওয়ার সম্পূর্ণ কার্যক্রমটি সম্পাদন করে থাকে মালামাল প্রেরক সংস্থা বা Freight Forwarding Agent. হতে সেবা গ্রহণের বিপরীতে পরিশোধ্য বিলের ক্ষেত্রে উৎসে আয়কর কর্তন<br>(i) **কমিশন বা ফি** প্রদানের ক্ষেত্রে কমিশন বা ফি এর উপর উৎসে আয়কর<br>(ii) **গ্রস বিল** প্রদানের ক্ষেত্রে গ্রস বিলের উপর উৎসে আয়কর | ১০%<br>১.৫% |
| ০৫.১৭ | Any other Service which is not mentioned in Part-7 of Income Tax Act, 2023 and is neither a Service provided by any Bank, Insurance or Financial Institutions nor Mobile Financial Service (MFS) Provider | ধারা-৯০ বিধি-৪ | **মোবাইল ফোনে আর্থিক সেবা (এমএফএস) এবং ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সেবা ব্যতীত** আয়কর আইন, ২০২৩ এর ৭ম অংশে সুনির্দিষ্টকৃত নয় এমন যেকোনো সেবা গ্রহণের বিলের উপর উৎসে আয়কর বর্ণিত কলামে প্রযোজ্য হারে কর্তনযোগ্য। | ১০% |
| ০৬. | সকল Intangible Assets (অধরা সম্পদ বা অস্পর্শনীয় সম্পদ কিংবা বুদ্ধিভিত্তিক মেধাসম্পদ) ব্যবহারের অধিকারসত্ব প্রদানের জন্য পরিশোধ্য রয়্যালটি, ফ্রাঞ্চাইজ বা ফি ইত্যাদি | ধারা-৯১ | যেকোনো পরিমাণ ভিত্তি মূল্য (Base Value/ Base Amount) এর উপর উৎসে কর্তনযোগ্য আয়কর হার | ১০% |
| ০৭. | Advertisement Income of Mass Publicity/Communication Media (Newspaper, Magazine, Private TV & Radio Channel, Website etc.)<br>প্রচার মাধ্যমের বিজ্ঞাপন আয় | ধারা-৯২ | প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া এবং অনলাইন ও অফলাইন (সংবাদপত্র, সাময়িকী, বেসরকারি টিভি ও রেডিও চ্যানেল, ওয়েবসাইট ইত্যাদি) উভয়ভিত্তিক প্রচারিত **(মিডিয়া বায়িং এজেন্ট ব্যতীত)** বিজ্ঞাপনের বিলের পরিশোধকালে ৫% হারে উৎসে আয়কর কর্তন করতে হবে। | |

# খাতওয়ারী উৎসে আয়কর কর্তনের (টিডিএস) সংক্ষিপ্ত তালিকা

আয়কর আইন, ২০২৩ ও উৎসে কর বিধিমালা, ২০২৪ মোতাবেক নবপ্রবর্তিত ও সুবিন্যস্ত | ২০২৫—২০২৬ অর্থ বছরের জন্য প্রযোজ্য।

| | | | |
|---|---|---|---|
| ০৮. | Payment to Actors, Actresses, Producers & Programmers<br>অভিনেতা, অভিনেত্রী, প্রযোজক ও অনুষ্ঠান আয়োজনকারী'কে অর্থ পরিশোধ | ধারা- ৯৩ | সিনেমা, নাটক বা রেডিও ও টিভির অনুষ্ঠান ক্রয়কালে বিক্রয়কারীকে প্রদেয় অর্থ হতে এবং এ বিষয়ে অভিনেতা ও অভিনেত্রীদের সম্মানী বাবদ পরিশোধ্য অর্থ হতে ১০% হারে উৎসে আয়কর কর্তনযোগ্য। |
| ০৯. | Commission, Fee, Discount, Incentive Bonus/Performance Bonus<br>কমিশন, ফিস, ডিসকাউন্ট, উৎসাহ বোনাস/কর্মসম্পাদন বোনাস | ধারা-৯৪ | কোন কোম্পানি বা ফার্ম কর্তৃক তার পণ্য বিতরণ ও বিপণন কাজে সম্পৃক্ত কোন বিতরণকারী (Distributor) কে প্রদেয় কমিশন, ফি, ডিসকাউন্ট, উৎসাহ বোনাস/কর্মসম্পাদন বোনাস হতে ১০% হারে উৎসে আয়কর কর্তন করতে হবে।<br>কোন কোম্পানি বা ফার্ম কর্তৃক প্রচার ও প্রসারের জন্য অথবা কোম্পানির পণ্য বিতরণ ও বিপণন কাজে নিয়োজিত কোন ব্যক্তিকে এতদুদ্দেশ্যে অর্থ পরিশোধকালে ১.৫% হারে উৎসে আয়কর কর্তন প্রযোজ্য হবে।<br>যেকোনো কোম্পানি **(তেল বাজারজাতকরণ কোম্পানি ব্যতীত)** কর্তৃক কোন পরিবেশক (Distributor) কে অথবা চুক্তিসূত্রে কোন ব্যক্তির নিকট খুচরা দামের চেয়ে কম দামে পণ্য বিক্রয় করলে, ঐ কোম্পানি নিম্নরূপে উৎসে আয়কর কর্তন করবেঃ<br>(সরবরাহকারীর নিকট/চুক্তিমূলে ব্যক্তির নিকট পণ্যের বিক্রয়মূল্য × ৫%) এর ৫%<br>সিগারেট উৎপাদনকারী কোম্পানি তার পণ্যের পরিবেশক (Distributor) বা চুক্তিমূলে বিক্রয়কারীর নিকট হতে কর্তনযোগ্য উৎসে আয়কর হবে নিম্নরূপঃ<br>উৎসে আয়কর = { (খুচরা মূল্য — পরিবেশক মূল্য) × ৩% }<br>TDS = { 3% × (Retail Price — Distributor Price) } |
| ১০. | Travel Agent Commission, Discount & Incentive Bonus<br>বিমান টিকেট বিক্রয় বা কার্গো ভাড়া বাবদ ট্র্যাভেল এজেন্টকে প্রদত্ত কমিশন, ডিসকাউন্ট, ইনসেন্টিভ বোনাস/ পারফরম্যান্স বোনাস | ধারা-৯৫ | যাত্রী বা কার্গো পরিবহনজনিত বিমান টিকেট বিক্রয়ের বিপরীতে **কমিশন অথবা ডিসকাউন্ট বা যেকোনো আর্থিক সুবিধা হতে অগ্রিম আয়কর কর্তন** = টিকেট মূল্যর উপর ০.৩০%<br>কমিশন অথবা ডিসকাউন্ট ছাড়াও আবার একইসাথে ইনসেন্টিভ বোনাস/ পারফরম্যান্স বোনাস প্রদত্ত হলে উপধারা (১) তে উল্লিখিত ০.৩০% হারে উৎস করের অতিরিক্ত হিসেবে (A + B) × C এর সমপরিমাণ অংক উৎসে কর্তন করতে হবে, যেখানে-<br>A = উপধারা (২) তে বর্ণিত ইনসেন্টিভ বোনাস/ পারফরম্যান্স বোনাস কিংবা এতদসংক্রান্ত অন্য যে কোন আর্থিক সুবিধার পরিমাণ;<br>B = উপধারা (১) তে বর্ণিত কমিশন বা ডিসকাউন্ট বা অর্থ মূল্যে রূপান্তরযোগ্য সুবিধার পরিমাণ; এবং<br>C = উপধারা (১) তে বর্ণিত কমিশন বা ডিসকাউন্ট বা অন্য কোন আর্থিক সুবিধার উপর প্রযোজ্য উৎস করের পরিমাণ।<br>উপ-ধারা (৩) এর বিধান মোতাবেক **টিকেট মূল্য বা চার্জ** হতে প্রযোজ্যতা অনুযায়ী Embarkation fees, Travel tax, Flight safety insurance, Security tax এবং Airport tax বাদ দিয়ে অবশিষ্ট অংকের উপর ০.৩০% হারে উৎসে কর কর্তন করতে হবে। |
| ১১. | Commission on Letter of Credit (L/C)<br>ঋণপত্রের কমিশন | ধারা-৯৬ | আমদানিকারকের পক্ষে এবং রপ্তানিকারকের অনুকূলে আমদানিকৃত পণ্যের মূল্য পরিশোধের নিশ্চয়তা প্রদান করে আমদানিকারকের ব্যাংক যে পত্র ইস্যু করে তাকে প্রত্যয়পত্র/ঋণপত্র বা এলসি বলে। ব্যাংক নির্দিষ্ট কমিশনের বিনিময়ে মক্কেলের পক্ষে এ ঋণপত্র ইস্যু করে থাকে। উক্ত কমিশনের উপর ৫% হারে কর্তিত উৎসে কর ব্যাংক কর্তৃপক্ষ পরিবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট আয়কর অফিসে চেকে বা চালানে পরিশোধ করবে। ৫% |
| ১২. | Payment on account of Purchase through Local Letter of Credit (L/C)<br>স্থানীয় ঋণপত্রের মাধ্যমে ক্রয়মূল্য পরিশোধ | ধারা-৯৭ | মালামাল পুনঃবিক্রয় অথবা পুনঃপ্রক্রিয়াকরণের মাধ্যমে বিক্রয়ের বাণিজ্যিক উদ্দেশ্যে অর্থায়ন চুক্তির (Financing Agreement) আওতায় ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঋণ সুবিধা (Credit Facility) প্রদানের ক্ষেত্রেঃ<br>মূল ক্রেতার পক্ষে বিক্রেতাকে অর্থ পরিশোধের ক্ষেত্রে উৎসে আয়কর ....................... ৩%<br>Distributor বা পরিবেশকের পক্ষে বিক্রেতাকে অর্থ পরিশোধের ক্ষেত্রে উৎসে আয়কর ........... ১.৫%<br>কম্পিউটার বা কম্পিউটার যন্ত্রাংশ এবং সকলপ্রকার ফলক্রয় বাবদ মূল্য পরিশোধে প্রযোজ্য উৎসে আয়কর —— ২%<br>তুলা ও সুতা ক্রয় বাবদ মূল্য পরিশোধে প্রযোজ্য উৎসে আয়কর ........... ১%<br>সুনির্দিষ্ট নিত্য প্রয়োজনীয় পণ্যাদি (যেমন ধান, গম, আলু, পেঁয়াজ, রসুন ইত্যাদি) মশলা জাতীয় পণ্য এবং পাট ক্রয় বাবদ মূল্য পরিশোধে প্রযোজ্য উৎসে আয়কর ........... ০.৫%<br>বিঃদ্রঃ যে সকল লেনদেনের ক্ষেত্রে ধারা-৯৭ প্রযোজ্য হবে সে সকল লেনদেনের ক্ষেত্রে আর ধারা-৮৯ এবং বিধি-৩ এর প্রযোজ্যতা থাকবে না। |
| ১৩. | Payment (of Fees, Charges etc.) by Cellular Mobile Phone Operator/Tower Sharing Company সেলুলার মোবাইল ফোন অপারেটর বা টাওয়ার শেয়ারিং কোম্পানি কর্তৃক ফিস, চার্জ ইত্যাদি পরিশোধ | ধারা-৯৮ | যেকোনো ধরণের Revenue Sharing, Fee, Charge ইত্যাদি বাবদ সেলুলার মোবাইল ফোন অপারেটর বা টাওয়ার শেয়ারিং কোম্পানি কর্তৃক নিয়ন্ত্রক কর্তৃপক্ষ Bangladesh Telecommunication Regulatory Commission (BTRC) কে অর্থ পরিশোধকালে প্রযোজ্য উৎসে আয়কর কর্তন হার ............ ২০% |
| ১৪. | Bonus of Life Insurance Policyholders<br>জীবন বীমা পলিসিতে পরিশোধিত প্রিমিয়ামের উপর প্রাপ্ত বোনাস বা মুনাফা | ধারা-৯৯ | মেয়াদপূর্তিতে জীবন বীমা পলিসির অর্থ প্রদানের ক্ষেত্রে বীমা গ্রহীতা কর্তৃক পরিশোধিত প্রিমিয়ামের অতিরিক্ত মুনাফা/বোনাস প্রদান করা হলে সমুদয় মুনাফার উপর প্রযোজ্য উৎসে কর্তনযোগ্য আয়কর হার- ——— ৫%<br>তবে বীমা পলিসি চলাকালীন সময়ে বীমা কিস্তি পরিশোধকারী বীমা গ্রহীতার মৃত্যু হলে তার পরিবার/উত্তরাধিকারীগণ কর্তৃক প্রাপ্ত অর্থের উপর উৎসে আয়কর কর্তনের এ বিধান প্রযোজ্য হবে না। |

# খাতওয়ারী উৎসে আয়কর কর্তনের (টিডিএস) সংক্ষিপ্ত তালিকা

আয়কর আইন, ২০২৩ ও উৎসে কর বিধিমালা, ২০২৪ মোতাবেক নবপ্রবর্তিত ও সুবিন্যস্ত | ২০২৫—২০২৬ অর্থ বছরের জন্য প্রযোজ্য।

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫. | Insurance Commission<br>বীমা কমিশন | ধারা-১০০ | বীমাকারী প্রতিষ্ঠানের প্রতিনিধি হিসেবে বীমা পলিসি চালু রাখা, নবায়ন, পুনর্জীবিতকরণ সহ বীমা ব্যবসায় আনয়ন এবং প্রচার ও প্রসারের জন্য উক্ত বীমা প্রতিষ্ঠান কর্তৃক তার এজেন্টকে প্রদত্ত কমিশন, সম্মানী, পারিতোষিক বা পুরস্কার হতে ৫% হারে উৎসে আয়কর কর্তনযোগ্য। | |
| ১৬. | Surveyor's Fee for Non-Life/General Insurance Companies<br>নন-লাইফ/ সাধারণ বীমা কোম্পানির জরিপকারীর ফি | ধারা-১০১ | বীমা দাবী নিষ্পত্তিকল্পে নন-লাইফ/ সাধারণ বীমা কোম্পানির কোন জরিপকারীকে জরিপ কার্য সম্পাদনের জন্য প্রদত্ত ফিস বা পারিশ্রমিক হতে ১৫% হারে উৎসে আয়কর কর্তনযোগ্য। | |
| ১৭. | Interest or Profit on Savings Deposit and Fixed Deposit or on Any Deposit Account<br>সঞ্চয়ী ও মেয়াদিসহ যেকোনো আমানতের উপর পরিশোধ্য সুদ বা মুনাফা | ধারা-১০২ | ব্যাংক, বীমা, লিজিং, ফাইন্যান্সিং, ডাক ব্যাংকিং, সমবায় ও মোবাইল ফোনে আর্থিক সেবা (এমএফএস) কার্যক্রম পরিচালনাকারী ব্যক্তি ও প্রতিষ্ঠান উদ্ভূত সঞ্চয়ী ও মেয়াদিসহ যেকোনো আমানত হিসাবের সুদ/মুনাফার উপর ট্রাস্ট, ব্যক্তিসংঘ ও কোম্পানির (কোম্পানির সংজ্ঞাভুক্ত সংস্থা, শিল্প ও বাণিজ্য সংগঠন, শিক্ষা প্রতিষ্ঠান, সমবায় সমিতি, সোসাইটি, ফাউন্ডেশন বা কৃত্তিম সত্ত্বাসম্পন্ন প্রতিষ্ঠান ইত্যাদির) ক্ষেত্রে ২০% হারে এবং অন্যান্য ক্ষেত্রে {অর্থাৎ স্বাভাবিক ব্যক্তি, ফার্ম, ফান্ড (তহবিল), হিন্দু অবিভক্ত পরিবার ও কৃত্তিম সত্ত্বাহীন প্রতিষ্ঠানের বেলায়} ১০% হারে উৎসে আয়কর কর্তনযোগ্য।<br>➢ পিতা-মাতার রিটার্ন দাখিলের সনদ/প্রমাণপত্র -ই নাবালকের রিটার্ন দাখিলের সনদ/প্রমাণপত্র বলে বিবেচিত হবে। | |
| ১৮. | Interest on Deposit of Post Office Savings Bank Account<br>ডাকঘর সঞ্চয় (মেয়াদিসহ) ব্যাংক হিসাবের সুদ | ধারা-১০৩<br>(বিলুপ্ত) | **রহিত করা হয়েছে।**<br>অর্থ আইন, ২০২৪ মোতাবেক ধারা-১০২ এর সাথে অন্তর্ভুক্ত করা হয়েছে। | |
| ১৯. | Tax on Interest Income of Resident<br>নিবাসীর সুদ আয় হতে কর কর্তন | ধারা-১০৪ | ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান ব্যতীত কোনো নির্ধারিত ব্যক্তি কর্তৃক গৃহীত ঋণের বিপরীতে পরিশোধ্য যেকোনো পরিমাণ সুদ বা মুনাফা হতে ১০% হারে উৎসে আয়কর কর্তন করতে হবে। | |
| ২০. | Interest on Savings Instruments<br>সঞ্চয়পত্রের সুদ | ধারা-১০৫ | ব্যক্তি ও অনুমোদিত ফান্ডের নামে নির্বিশেষে ক্রয়কৃত সকল প্রকার সঞ্চয়পত্র (**পেনশনার সঞ্চয়পত্র ব্যতীত**) থেকে অর্জিত মুনাফা বা সুদের উপর উৎসে আয়কর -------------- ১০%<br>পেনশনার সঞ্চয়পত্রে পুঞ্জীভূত বিনিয়োগ ৫ লক্ষ টাকার অধিক হলে তা থেকে অর্জিত যেকোনো পরিমাণ মুনাফা বা সুদের উপর উৎসে আয়কর -------------- ১০%<br>**পেনশনার সঞ্চয়পত্রে পুঞ্জীভূত বিনিয়োগ ৫ লক্ষ টাকা পর্যন্ত হলে তা থেকে অর্জিত সুদের উপর উৎসে আয়কর কর্তন প্রযোজ্য নয়** এবং Wage Earners' Development Bond, US Dollar Premium Bond & Investment Bond, Euro Premium Bond & Investment Bond, Pound Sterling Premium Bond & Investment Bond **হতে উদ্ভূত বা অর্জিত মুনাফা/সুদের উপর কোন উৎসে আয়কর কর্তন করা হবে না।** | |
| ২১. | সিকিউরিটিস এর উপর বাট্টা, সুদ বা মুনাফা | ধারা-১০৬ | সরকারী সিকিউরিটিজ অথবা সরকার বা Bangladesh Securities and Exchange Commission (BSEC) কর্তৃক অনুমোদিত বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান হতে ইস্যুকৃত বন্ড, ডিবেঞ্চার ইত্যাদি সিকিউরিটিস বাবদ প্রদেয় বাট্টা, সুদ বা মুনাফা হতে উৎসে আয়কর কর্তনযোগ্য। | ১০% |
| ২২. | বাংলাদেশ ব্যাংক বিলের প্রকৃত মূল্যের উপর ডিসকাউন্ট/ছাড়/বাট্টা | ধারা-১০৭ | বাংলাদেশ ব্যাংক বিল হল একটি স্বল্পকালীন মানিমার্কেট প্রোডাক্ট। বাংলাদেশ ব্যাংক এটি ইস্যু করে এবং বাংলাদেশ ব্যাংকের নিলামের মাধ্যমে এর কেনা-বেচা হয়। বাংলাদেশ ব্যাংকের যেকোনো তালিকাভুক্ত ব্যাংক এর নিলামে অংশ নিতে পারে। বাংলাদেশ ব্যাংক বিভিন্ন সময়ে ডিসকাউন্টের (বাট্টার) ভিত্তিতে বাজারে বিল ছেড়ে থাকে। | প্রযোজ্য পরিমাণের সর্বোচ্চ হারে |
| ২৩. | Receipts in respect of International Phone Call<br>আন্তর্জাতিক ফোন কল বাবদ প্রাপ্তি | ধারা-১০৮ | International Gateway (IGW) Services Operator কে আন্তর্জাতিক ফোন কল বাবদ পরিশোধিত অর্থ থেকে ব্যাংক কর্তৃক উৎসে আয়কর কর্তন ----- ১.৫%<br>BTRC এর সাথে চুক্তি মোতাবেক IGW Services Operator কর্তৃক Interconnection Exchange (ICX), Access Network Services (ANS) অপারেটরের অথবা অন্য কোন ব্যক্তির ব্যাংক হিসাবে আন্তর্জাতিক ফোন কল বাবদ পরিশোধিত অর্থ থেকে উৎসে আয়কর কর্তন ---- ৭.৫%<br>আন্তর্জাতিক বহির্গামী (Outgoing) কলের ক্ষেত্রে অর্থ পরিশোধের সময় Interconnection Exchange (ICX) এবং Access Network Services (ANS) সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক উৎসে আয়কর কর্তন ------------------------------ ৭.৫% | |
| ২৪. | Rent from House Property<br>গৃহ-সম্পত্তির ভাড়া ও হোটেল ভাড়া<br>এবং<br>Rental Value of Water Body, Vacant Land, Plant or Machinary<br>জলাভূমি, খালি ভূমি, স্থাপনা বা যন্ত্রপাতির ভাড়া প্রদান | ধারা-১০৯ | গৃহ-সম্পত্তির ভাড়া ও অফিস স্পেসের ভাড়া এবং আবাসিক হোটেল ভাড়া/লীজ পরিশোধকালে উৎসে আয়কর কর্তনযোগ্য।<br>জলাভূমি (সরকারি সম্পত্তি নয় এমন), খালি ভূমি, স্থাপনা/ভবন স্পেস বা যন্ত্রপাতি ব্যবহারের জন্য কোন ব্যক্তির অনুকূলে পরিশোধ্য ভাড়া হতে ১০% হারে উৎসে আয়কর কর্তন করতে হবে। | প্রদেয় মোট ভাড়ার ১০% |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৫. | Services from Convention Hall, Community/Conference Centre, Hotel & Restaurant etc.<br>কনভেনশন হল, কনফারেন্স সেন্টার, কমিউনিটি সেন্টার, হোটেল, রেস্তোরাঁ ইত্যাদিকে ভাড়া প্রদান | ধারা-১১০ | কনভেনশন হল, কনফারেন্স সেন্টার, কমিউনিটি সেন্টার ইত্যাদি ব্যবহারের জন্য ভাড়া প্রদানকালে প্রাপকের বিল হতে ক্ষেত্রে উৎসে আয়কর কর্তন প্রযোজ্য।<br>**বিঃদ্রঃ বিলের অর্থ সরাসরি সরকারি খাতে পরিশোধিত হলে ঐ বিল হতে উৎসে আয়কর কর্তন প্রযোজ্য নয়।** | প্রদেয় মোট সেবামূল্যের ১০% |
| ২৬. | Compensation against State Acquisition of Immovable Property<br>রাষ্ট্রীয় অধিগ্রহণকৃত স্থাবর সম্পত্তির ক্ষতিপূরণ | ধারা-১১১ | সরকার কর্তৃক স্থাবর সম্পত্তির হুকুম দখল বাবদ সম্পত্তির মালিকের অনুকূলে প্রদেয় ক্ষতিপূরণ হতে উৎসে আয়কর আদায়যোগ্য।<br>সিটি কর্পোরেশন, পৌরসভা বা ক্যান্টনমেন্ট বোর্ড এলাকায় স্থাবর সম্পত্তিটি অবস্থিত হলে --- ৬%<br>এবং অন্যান্য এলাকায় স্থাবর সম্পত্তিটি অবস্থিত হলে ---------------- ৩% | |
| ২৭. | Export Cash Subsidy (Assistance)<br>নগদ রপ্তানি ভর্তুকি (সহায়তা) | ধারা-১১২ | রপ্তানি বাণিজ্যে নিয়োজিত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে রপ্তানি বাণিজ্য উন্নয়নে নগদ আর্থিক সহায়তা হিসেবে সরকার কর্তৃক প্রদেয় নগদ রপ্তানি ভর্তুকি পরিশোধকালে ১০% হারে উৎসে আয়কর কর্তন করতে হবে। | |
| ২৮. | Freight Forward Agency Commission<br>মালামাল প্রেরক সংস্থার কমিশন | ধারা-১১৩ (বিলুপ্ত) | **রহিত করা হয়েছে।**<br>অর্থ আইন, ২০২৪ মোতাবেক ধারা-৯০ এর সাথে অন্তর্ভুক্ত করা হয়েছে। | |
| ২৯. | Rental Power Plant<br>ভাড়াকৃত বিদ্যুৎ কেন্দ্র/কোম্পানী হতে বিদ্যুৎ ক্রয় | ধারা-১১৪ | ভাড়াকৃত বিদ্যুৎ কেন্দ্র/কোম্পানী হতে বিদ্যুৎ ক্রয়ের ক্ষেত্রে উৎসে আয়কর কর্তন প্রযোজ্য। | ৪% |
| ৩০. | Money paid to Land Owner by the Real Estate Developer<br>ভূমি মালিককে রিয়েল ইস্টেট ডেভেলপার কর্তৃক পরিশোধিত অর্থ | ধারা-১১৫ | Signing Money, Subsistence Money বা House Rent যেকোনো নামেই অভিহিত হোক না কেন কোনো রিয়েল ইস্টেট ডেভেলপার কোম্পানী কর্তৃক চুক্তিমূলে কোন ভূমি মালিককে অর্থ পরিশোধকালে ১৫% হারে উৎসে আয়কর কর্তনযোগ্য। | |
| ৩১. | Commission, Fee, Charge, or Remuneration paid to Foreign Buyer's Agent (Buying House)<br>বিদেশী ক্রেতার এজেন্টকে প্রদত্ত কমিশন, ফি, চার্জ অথবা পারিশ্রমিক ইত্যাদি | ধারা-১১৬ | Letter of Credit (LC) বা ঋণপত্রে উল্লিখিত শর্ত অথবা অন্য কোন নির্দেশনার আওতায় বায়িং হাউজসহ কোন বিদেশী ক্রেতার এজেন্ট/প্রতিনিধিকে রপ্তানিকারকের পণ্য রপ্তানির জন্য প্রদত্ত কমিশন, ফি, চার্জ অথবা পারিশ্রমিক ইত্যাদি হতে ৭.৫% হারে উৎসে অগ্রিম আয়কর কর্তনযোগ্য। | |
| ৩২. | Payment of Dividends<br>লভ্যাংশ পরিশোধ | ধারা-১১৭ | i) নিবাসী বা অনিবাসী বাংলাদেশী কোম্পানীর অনুকূলে পরিশোধিত লভ্যাংশ হতে প্রযোজ্য উৎসে কর্তনযোগ্য আয়কর হার = ২০%<br>ii) ১২ ডিজিটের TIN Certificate-ধারী বাংলাদেশী ব্যক্তির অনুকূলে পরিশোধিত লভ্যাংশ হতে প্রযোজ্য উৎসে কর্তনযোগ্য আয়কর হার = ১০% এবং<br>iii) ১২ ডিজিটের TIN Certificate-নাধারী বাংলাদেশী ব্যক্তির অনুকূলে পরিশোধিত লভ্যাংশ হতে প্রযোজ্য উৎসে কর্তনযোগ্য আয়কর হার হবে = ১৫%<br>কোন বাংলাদেশী নিবাসী বা অনিবাসী কোম্পানী Taxed Dividend প্রদান করার ক্ষেত্রে আয়কর আইন, ২০২৩ এর ৬ষ্ঠ তফসিল, অংশ-১, অনুচ্ছেদ-৩২ অনুযায়ী অব্যাহতিপ্রাপ্ত হলে উৎসে আয়কর কর্তন প্রযোজ্য হবে না। | |
| ৩৩. | Lottery, Winnings etc. Income<br>লটারি, জয় ইত্যাদি বাবদ আয় | ধারা-১১৮ | লটারি বা যেকোনো জয় (Winnings) এর খাতে অর্থ, পণ্য বা সম্পত্তি প্রদানকালে উক্ত অর্থ বা ক্ষেত্রবিশেষে পণ্য বা সম্পত্তির মূল্য হতে ২০% হারে উৎসে আয়কর কর্তন করতে হবে। | |
| ৩৪. | **অনিবাসীর আয় হতে কর কর্তন**<br>(Tax Deduction at Source from Income of Non-Residents) | ধারা-১১৯<br>বিধি-৫ | কোন অনিবাসীর সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবা বিপরীতে যেকোনো অংকের পরিশোধ্য বিল হতে অত্র ধারায় নির্ধারিত হারে (অনধিক ৩০%) উৎসে আয়কর কর্তন করতে হবে তবে উৎসে কর কর্তনকারী নির্ধারিত দায়ী ব্যক্তি নিজেই এজেন্ট হিসেবে উক্ত খাতের উপর কর পরিশোধে দায়বদ্ধ হলে, অত্র ধারার বিধান ঐ ব্যক্তির জন্য প্রযোজ্য নয়।<br>কোন কোম্পানির শেয়ার হস্তান্তরের ফলে উদ্ভূত মূলধনী আয়ের উপর প্রযোজ্য ১৫% হারে কর আদায় না করা পর্যন্ত কর্তৃপক্ষ উক্ত শেয়ার হস্তান্তর কার্যকর করবেন না।<br>এ ধারায় কর্তিত উৎসে আয়করঅনিবাসী করদাতার ন্যূনতম করদায় হিসেবে বিবেচিত হবে এবং কোন করদাবীর বিপরীতে প্রত্যর্পণ কিংবা সমন্বয় করা যাবে না।<br>**কর অব্যাহতিঃ** বৈদেশিক রাষ্ট্রের কোন সরকারি কর্তৃপক্ষকে পরিশোধ, আন্তর্জাতিক স্বীকৃত প্রফেশনাল বডিকে প্রদত্ত চাঁদা, লিয়াজোঁ অফিস খরচ, বাংলাদেশ ব্যাংকের অনুমোদিত পদ্ধতিতে ও যাচাইকৃত টিউশন ফি, আন্তর্জাতিক বিপণন ও পণ্য উন্নয়ন ব্যয়, নিরাপত্তা জামানত, Arbitration Fee বা মধ্যস্থতা ফি বাবদ পরিশোধ, হজ্ব বাবদ প্রেরিত অর্থ এবং Priority Pass বা প্রাধিকার পাস বাবদ প্রদত্ত অর্থ। | |

খাতওয়ারী উৎসে আয়কর কর্তনের (টিডিএস) সংক্ষিপ্ত তালিকা

আয়কর আইন, ২০২৩ ও উৎসে কর বিধিমালা, ২০২৪ মোতাবেক নবপ্রবর্তিত ও সুবিন্যস্ত

২০২৫—২০২৬ অর্থ বছরের জন্য প্রযোজ্য।

## Non-Resident's Income Heads & Applicable Source Tax Rates

| Sl. No. | Description of Services or Payments | TDS Rate |
|---|---|---|
| 1. | Advisory or Consultancy Service (a) Natural Person | 20% |
| | (b) any other Person, not being a Natural Person | 10% |
| 2. | Pre-Shipment Inspection Service | 20% |
| 3. | Professional Service (a) Natural Person | 20% |
| | (b) any other Person, not being a Natural Person | 10% |
| 4. | Technical Services, Technical Know-How or Technical Assistance | 20% |
| 5. | Architecture, Interior Design Or Landscape Design, Fashion Design Or Process Design | 20% |
| 6. | Certification, Rating etc. | 20% |
